

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৫৮০

আগরতলা, ৫ জুলাই, ২০২৫

দন্ত চিকিৎসা শিবির ও “সুস্থ দাঁত, উজ্জ্বল হাসি এবং আত্মবিশ্বাসের
চাবিকাঠি” শীর্ষক ছাত্র-ছাত্রীদের নিয়ে সচেতনতামূলক সভা



দক্ষিণ ত্রিপুরা জেলার অধীন মনুবনকুল কমিউনিটি হেলথ সেন্টারের অন্তর্গত বাগমারা আয়ুর্মান আরোগ্য মন্দিরের আওতাধীন বাগমারা এডিসি ভিলেজ এলাকার কন্যা প্রসাদ পাড়া জুনিয়র বেসিক বিদ্যালয়ে গত ৪ জুলাই, ২০২৫ এক দন্ত চিকিৎসা শিবির অনুষ্ঠিত হয়। এই শিবিরে মনুবনকুল কমিউনিটি হেলথ সেন্টারের বিশেষজ্ঞ দন্ত চিকিৎসক ডাঃ দীপ্তনু দেববর্মা বিদ্যালয়ের মোট ৬৯ জন ছাত্র-ছাত্রীর দাঁতের স্ক্রিনিং করেন। এর পাশাপাশি তিনি দাঁতের যত্ন নেওয়া, সঠিকভাবে ব্রাশ করার পদ্ধতি, দাঁতের বিভিন্ন সমস্যা চিহ্নিতকরণ এবং সঠিকভাবে দাঁতের স্বাস্থ্য রক্ষার পদ্ধতিগুলি নিয়ে সচেতনতামূলক আলোচনার মাধ্যমে ছাত্র-ছাত্রীদের বুঝিয়ে বলেন। উক্ত শিবিরে এদিন বিলোনীয়া মহকুমা হাসপাতালের ক্লাবফুট ক্লিনিকের বিশেষজ্ঞ চিকিৎসক ডাঃ উজ্জ্বল সর্দার উপস্থিত ছিলেন। তিনি ছাত্র-ছাত্রীদেরকে দাঁতের স্বাস্থ্য সুরক্ষিত রাখার গুরুত্ব ও উপায়গুলি সহজভাবে ব্যাখ্যা করেন। এই শিবিরের মাধ্যমে বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের “সুস্থ দাঁত, উজ্জ্বল হাসি এবং আত্মবিশ্বাসের চাবিকাঠি” শীর্ষক সচেতনতামূলক বার্তাটি ছড়িয়ে দেওয়া হয়। উক্ত শিবিরে উপস্থিত ছিলেন এমপিডব্লিউ ধনঞ্জয় ত্রিপুরা, উত্তম চক্রবর্তী ও নাইংগ্য মগ সহ এলাকার আশাকর্মীরা। শিবিরের শেষে এই দন্ত চিকিৎসা শিবিরে উপস্থিত বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের মধ্যে টুথপেস্ট ও টুথব্রাশ প্রদান করা হয়। স্বাস্থ্য দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।
